



ভাষা ফাউন্ডেশন সুবিধাবঞ্চিত নারীদের দক্ষতা বাড়াতে প্রশিক্ষণ শুরু

চট্টগ্রাম অফিস : বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি এক্টিভিটিজ ফর সোশ্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সম্যান্ট (ভাষা) ফাউন্ডেশনের আয়োজনে সুবিধাবঞ্চিত নারীদের মাঝে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। তিন মাসব্যাপী এই প্রশিক্ষণ কার্যক্রম শনিবার বিকালে নগরীর ডবলমুরিং থানাধীন দেওয়ানহাটের মনসুরাবাদ এলাকায় উদ্বোধন করা হয়।

সংগঠনটি ট্রেনিং ফর স্কিল ডেভেলপমেন্ট (টিএসডি) প্রশিক্ষণ কর্মসূচির আওতায় বিনামূল্যে সুবিধাবঞ্চিত ও দরিদ্র নারীদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা গড়ার লক্ষ্যে স্বল্প মেয়াদি বিভিন্ন রকম ভোকেশনাল প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রতিষ্ঠানটি ২০০৫ সাল থেকে এ পর্যন্ত ৩ হাজারের বেশি নারীকে এই প্রশিক্ষণের আওতায় সেলাই, এমব্রয়ডারি, ব্লক-এসব কাজের উপর প্রশিক্ষণ দিয়েছে। চলমান এই কর্মসূচির আওতায় ৯৬০০ জন সুবিধাবঞ্চিত নারীকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।